



Michael R. Bloomberg
Mayor

Department of
Health & Mental
Hygiene

Thomas Farley, MD, MPH
Commissioner

Department of
Education

Joel I. Klein
Chancellor

সেপ্টেম্বর ২০০৯

প্রিয় পিতামাতা বা অভিভাবক,

আমরা আপনাদেরকে স্কুলে স্বাগত জানাতে এবং এবং বছরের ফ্লু মওসুমের পরিকল্পনা সম্পর্কে কিছু গুরুত্বপূর্ণ তথ্য দিতে চাই। ইনফ্লুয়েঞ্জা হেমন্ত ও শীতের মাসগুলোর জন্য একটি নৈমিত্তিক বিষয়। সাধারণ মওসুমি ফ্লুর বাইরেও, নিউ ইয়র্ক শহরে এইচওয়ানএনওয়ান ভাইরাসের বিস্তার দেখতে পারেন। আমরা সুনিশ্চিত যে আমরা যদি ভাইরাসগুলোকে নিয়ন্ত্রণের জন্য সবাই একযোগে কাজ করি তাহলে এগুলোর কোনটিই এই স্কুল বছরে কোন ঝামেলা বাধাতে পারবে না।

আমরা আশা করছি এই বছর হেমন্তের শেষের দিকে এইচওয়ানএনওয়ান ভ্যাকসিন বাজারে পাওয়া যাবে। সিটি এগুলো স্বাস্থ্যসেবা প্রদানকারীদের কাছে বিতরণ করবে, এবং স্কুলবয়সী ছেলেমেয়েদেরকে বিনামূল্যে ভ্যাকসিন প্রদানের সুযোগ দিতে যাচ্ছে। বর্তমান পরিকল্পনা অনুযায়ী নিউ ইয়র্ক সিটির সকল সরকারি ও বেসরকারি এলিমেন্টারি স্কুলে – এবং বয়স্ক শিক্ষার্থীদের জন্য প্রতিটি বরোর নির্দিষ্ট সেন্টারে ভ্যাকসিন দেয়া হবে। ভ্যাকসিনেশনের জন্য দুটি ডোজ-এর প্রয়োজন হয়, সুতরাং প্রতিটি স্কুল বা সেন্টারকে আনুমানিক চার সপ্তাহের ব্যবধানে দুবারে এই ভ্যাকসিন দিতে হবে। সময়সূচি ও ব্যবস্থাপনা নির্ভর করবে এইচওয়ানএনওয়ান ভ্যাকসিনের সরবরাহ ও কর্মীদের সময়ের উপর। পিতামাতা বা অভিভাবকদের সম্মতি ছাড়া কোন ছেলেমেয়েকে ভ্যাকসিন দেয়া হবে না। চূড়ান্ত সিদ্ধান্ত হওয়ার পর পরিকল্পনার খুঁটিনাটি বিষয়গুলো আপনাদের জানানো হবে।

আপনার হয়তো মনে আছে যে এইচওয়ানএনওয়ান বিস্তার শুরু হয়েছিল গত বসন্তে, যখন বহুসংখ্যক শিক্ষার্থী ও কর্মী অসুস্থ হয়ে পড়ায় আমরা কিছু স্কুল সাময়িকভাবে বন্ধ করে দিয়েছিলাম। এই ভাইরাস এবং এর বিস্তার সম্পর্কে বর্তমানে আমরা যা জানি, তার ওপর ভিত্তি করে এই স্কুলবছরে ডিপার্টমেন্ট অব এডুকেশন এবং হেলথ ডিপার্টমেন্ট স্কুল খোলা রাখার নীতি অনুসরণের সিদ্ধান্ত নিয়েছে। এর অর্থ, হেমন্তে যখন ফ্লুর প্রাদুর্ভাব ঘটে, তখন উচ্চ হারে ফ্লু দেখা দেয়ার কারণে স্কুল বন্ধ করে দেয়ার কোন পরিকল্পনা আমরা নিচ্ছ না। এর পরিবর্তে আমরা পিতামাতা ও স্কুল কমিউনিটির অন্যান্যের সাথে স্কুল খোলা রাখার জন্য কাজ করবো।

স্কুল নার্সেরা নিশ্চিতরূপে ফ্লু-এর অনুরূপ রোগে আক্রান্ত শিক্ষার্থী-সংখ্যা অবহিত করার জন্য একটি সিটিব্যাপী ডেটাবেস ব্যবহার করবেন এবং ফ্লু-এর অনুরূপ রোগে আক্রান্ত শিক্ষার্থী-সংখ্যা সিটির ইনফ্লুয়েঞ্জা ওয়েবসাইটে (www.nyc.gov/flu) প্রকাশ করা হবে।

আমাদের দৃঢ় বিশ্বাস যে নিয়মিত রোগ-বিস্তার বন্ধ করার ব্যবস্থাটি ফ্লু-এর বিস্তার রোধে কার্যকর আছে এবং তা পরিবারগুলোর জন্য কম ব্যাধাত সৃষ্টি করে থাকে। আমাদের স্কুলের জন্য প্রয়োজনীয় ইনফ্লুয়েঞ্জা নিয়ন্ত্রণের পদক্ষেপগুলো সহজ। আপনাদের সন্তানকে ভ্যাকসিন দেয়ার মাধ্যমে, তারা অসুস্থ হলে তাদেরকে বাড়িতে রাখার ব্যবস্থা করে, এবং তাদেরকে হাত পরিষ্কার রাখার ও কাশি দেয়ার সময় মুখ ঢাকার গুরুত্ব শিক্ষা দিয়ে এ বছর আপনারা ছেলেমেয়েদেরকে রোগের হাত থেকে বাঁচিয়ে রাখতে পারবেন। আমরা আপনাদেরকে যেসব কাজ করতে বলি, তার একটি বিস্তারিত তালিকা নিচে দেয়া হল।

- যখনই পাওয়া যাবে, তখনই আপনার সন্তানকে এইচওয়ানএনওয়ান এবং মওশুমি ফ্লুর প্রতিরোধকারী ভ্যাকসিন দেবেন।
- সন্তানদের ঘন ঘন হাত ধুতে শেখান। সাধারণত সাবান ও পানি দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড হাত ধুলেই চলে (হ্যান্ড পি বার্থডে গানটি প্রায় দুবার গাইবার সমান সময়)।
- সন্তানদের হাত মুখ থেকে সরিয়ে রাখতে এবং মুখ, নাক বা চোখে স্পর্শ না করতে শেখান।
- সন্তানদের টিস্যু বা হাত ভাঁজ করে কনুইয়ের ভেতরের দিক দিয়ে কাশি ও হাঁচি ঢেকে রাখতে শেখান। কাশি ও হাঁচি কনুই দিয়ে ঢাকতে হবে, হাত দিয়ে নয়!
- নিজে নিয়ম মেনে উদাহরণ সৃষ্টি করে চলার মাধ্যমে সন্তানদের স্বাস্থ্যবিধি শিখতে সহায়তা দিন।
- **সন্তানের কাশি ও গলাব্যথা সহ জ্বর থাকলে সন্তানকে স্কুলে পাঠাবেন না।** ফ্লু-এর অনুরূপ রোগে আক্রান্ত যেসব শিক্ষার্থীকে বাড়িতে থাকতে হয়, তারা লক্ষণগুলো সেরে না ওঠা পর্যন্ত এবং পরবর্তী ২৪ ঘণ্টার জন্য তাদের দেহের তাপমাত্রা স্বাভাবিক (৯৮.৬°) না হওয়া পর্যন্ত স্কুলে যাবে না। স্কুলে ফেরার জন্য তাদেরকে ডাক্তারের নোট নিয়ে যেতে হবে না।
- স্কুল থেকে যেসব ছেলেমেয়ে জ্বর এবং কাশি ও গলাব্যথা নিয়ে বাড়ি ফিরবে, তাদেরকে বাড়ি পাঠানোর কমপক্ষে ১ দিন অতিবাহিত না হওয়া পর্যন্ত স্কুলে ফিরতে দেয়া হবে না।

আপনার সন্তান যদি স্কুল চলাকালে অসুস্থ হয়ে পড়ে, তখন আপনার সাথে কীভাবে যোগাযোগ করা যাবে, সেটা আমাদের জানা থাকতে হবে। অনুগ্রহ করে আপনার সাথে যোগাযোগের হালনাগাদ তথ্য সন্তানের স্কুলকে জানাতে ভুলবেন না। এবং আপনার সন্তানের কোন পুরনো অসুখ, যেমন অ্যাজমা বা ডায়াবেটিস জাতীয় কোন রোগ থাকলে স্কুল নার্সকে যেন তা জানান হয়, সেটা নিশ্চিত করবেন।

ইনফ্লুয়েঞ্জা সম্পর্কে বা কীভাবে আপনার পরিবারকে নিরাপদ রাখতে পারবেন, সে ব্যাপারে আরও তথ্য জানতে 311 নম্বরে ফোন করুন বা www.nyc.gov/flu ওয়েবসাইট দেখুন।

আপনাদের সন্তানদের জন্য এই স্কুলবছরটিকে স্বাস্থ্যকর ও সফল করে তোলায় আপনার সঠিক ভূমিকা পালনের জন্য আপনাদেরকে অগ্রীম ধন্যবাদ।

Sincerely,



Joel I. Klein
চ্যান্সেলর
ডিপার্টমেন্ট অব এডুকেশন



Thomas Farley, MD, MPH
কমিশনার
ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন